গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা
www.sid.gov.bd

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল ২০২১ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ১২ মে ২০২১ খ্রিঃ, সময়ঃ সকাল: ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর সম্মেলন কক্ষ, ব্লক-২, লেবেল-১০ |
| সভার সভাপতি | : | মুহাম্মদ ইয়ামিন চৌধুরী<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভার উপস্থিতি | : | সংযোজনী-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব শশাঙ্ক শেখর ভৌমিক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং সদস্যগণের কোন প্রকার পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। এ পর্যায়ে তিনি উন্নয়ন-৩ অধিশাখার উপসচিব বেগম জেসমীন আকতারকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল ২০২১ পর্যন্ত অগ্রগতি পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করতে বললে উপসচিব (উন্নয়ন-৩ অধিশাখা) বলেন, চলমান ১৫টি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩১৫২৩৫.০৩ (তিন হাজার একশত বায়ান্ন কোটি পঁয়ত্রিশ লক্ষ তিন হাজার) লক্ষ টাকা, ২০২০-২০২১ অর্থবছরের আরএডিপিতে বরাদ্দ ৩২১৬৯.০০ (তিনশত একুশ কোটি উনসত্তর লক্ষ) লক্ষ টাকা এবং এ অর্থবছরের এপ্রিল ২০২১ পর্যন্ত ব্যয় হয়েছে ৬১৫৫.৫২ (একষট্টি কোটি পঞ্চান্ন লক্ষ বাহান্ন হাজার) লক্ষ টাকা। আরএডিপি বরাদ্দের বিপরীতে এপ্রিল ২০২১ পর্যন্ত আর্থিক অগ্রগতি ১৯.১৩%। অন্যদিকে এডিপি বরাদ্দের বিপরীতে জাতীয় অগ্রগতি ৪৯.০৯%।

২.০ অতঃপর সভায় প্রকল্পভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | **জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প**<br><br>মেয়াদঃ জুলাই ২০১৯- জুন ২০২৪ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ১৭৬১ কোটি ৭৯ লক্ষ টাকা।<br>জিওবি: ১৫৭৮ কোটি ৬৮ লক্ষ টাকা,<br>প্রকল্প সাহায্য: ১৮৩ কোটি ১১ লক্ষ টাকা।<br><br>প্রকল্প পরিচালক: জনাব কবির উদ্দিন আহাম্মদ, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২০-২০২১ অর্থ বছরে আরএডিপিতে বরাদ্দ ১৭৬ কোটি ৪৩ লক্ষ (সম্পূর্ণ জিওবি) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১৪৯ কোটি ৯৬ লক্ষ ৪৫ হাজার টাকা। এপ্রিল ২০২১ পর্যন্ত মোট ব্যয় ১৬ কোটি ৫৭ লক্ষ ৪৬ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৯.৩৯%।<br><br>ক) সভাপতি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সাপ্তাহিক ভিত্তিতে সচিব, SID বরাবরে দাখিলের নির্দেশনা থাকলেও বিগত ৩ সপ্তাহের বাস্তবায়ন অগ্রগতি না জানানো এবং ১ সপ্তাহের প্রতিবেদন ব্যক্তিগতভাবে দাখিল না করে সচিবের দপ্তরে দাখিলের কারণ ব্যাখ্যা করতে প্রকল্প পরিচালককে বললে প্রকল্প পরিচালক ভুল স্বীকারপূর্বক ভবিষ্যতে এরূপ হবে না বলে জানান। | <br><br><br><br><br><br><br>ক) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সাপ্তাহিক ভিত্তিতে প্রকল্প পরিচালক এবং মহাপরিচালক, বিবিএস সচিব, SID বরাবর দাখিল নিশ্চিত করবেন। এছাড়া প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে উদ্ভুত যেকোন সমস্যা মহাপরিচালক, বিবিএস এর মাধ্যমে সচিব, SID কে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস এবং প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | খ) প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতির নিম্ন হারে সভাপতি অসন্তোষ ও ক্ষোভ প্রকাশ করেন। প্রকল্প বাস্তবায়নে মহাপরিচালক, বিবিএস এবং প্রকল্প পরিচালক এর উদাসীনতা ও দায়িত্বহীনতা কোনভাবেই কাম্য নয়। এছাড়া প্রকল্প কাজে চরম সমন্বয়হীনতা লক্ষ্য করা যাচ্ছে মর্মে সভাপতি উল্লেখ করেন। এভাবে চলতে থাকলে মূল শুমারি যথাসময়ে এবং যথাযথভাবে সম্পাদন করা সম্ভব হবে না। | খ) প্রকল্প বাস্তবায়নে মহাপরিচালক, বিবিএস এবং প্রকল্প পরিচালককে আরো কর্ম উদ্যোম ও গতিশীল হয়ে কাজ করতে পরামর্শ দেয়া হয়। এ বিষয়ে মহাপরিচালক, বিবিএসকে এই প্রকল্পটির সময়াবদ্ধতা থাকায় এটি বাস্তবায়নে উদ্যোগী হতে পরামর্শ দেয়া হয়। প্রকল্পের সার্বিক অবস্থা জানিয়ে মাননীয় মন্ত্রী বরাবর একটি সার-সংক্ষেপ প্রেরণের সিদ্ধান্ত হয়। | |
| | | প্রকল্প পরিচালক সভায় জানান,<br>গ) প্রকল্পে বিভিন্ন মালামাল ক্রয়ের জন্য ৮টি ক্রয় কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। তন্মধ্যে কিছু ক্রয় ই-জিপি'র পরিবর্তে ডিপিএম এ করার লক্ষ্যে SID এর অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। উক্ত ক্রয় এবং অন্যান্য কার্যক্রম সম্পন্ন হলে জুন ২০২১ এর মধ্যে ৯০ কোটি টাকা ব্যয় হবে। ফেব্রুয়ারি ২০২১ এ আরএডিপি পাওয়া গেলেও এতদিন ক্রয় কার্যক্রম সম্পন্ন না করা এবং পিপিআর এর কোন বিধি অনুযায়ী ডিপিএম এর জন্য SID এর অনুমোদন প্রয়োজন তা জানানোর জন্য সভাপতি প্রকল্প পরিচালককে বলেন। এর জবাবে প্রকল্প পরিচালক বলেন, পিপিআর এ ধরনের কোন বিধি নেই। এ পর্যায়ে SID এর অনুমোদনের নামে অকারণে সময় নষ্ট করার জন্য সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। | গ) পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ অনুযায়ী দ্রুত ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ বিষয়ে কোনরূপ কালক্ষেপণ গ্রহণযোগ্য হবে না।<br>PPR এ যেসব বিষয়ে বিধান নাই সেসব বিষয়ে SID তে প্রস্তাব প্রেরণ করে সময় ক্ষেপণ না করার জন্য সতর্ক করা হলো। ভবিষ্যতে এ ধরনের কার্যক্রম কোনভাবে গ্রহণযোগ্য হবে না। | |
| | | ঘ) প্রকল্পের সংশোধিত ডিপিপি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে ১১-০৪-২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | ঘ) প্রকল্পের সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনের জন্য মহাপরিচালক, বিবিএস এবং প্রকল্প পরিচালক পরিকল্পনা কমিশনে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখবেন। | |
| | | ঙ) ২৮-০৫-২০২১ হতে ০৩-০৬-২০২১ তারিখ পর্যন্ত মাঠ পর্যায়ে ২য় জোনাল অপারেশন অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে আগামী ২২-০৫-২০২১ তারিখে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। | ঙ) ২য় জোনাল অপারেশন যথাযথভাবে দ্রুত সম্পাদনের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২ | **স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন অ্যান্ড ডেভলপমেন্ট প্রকল্প (Stat4Dev)**<br><br>মেয়াদঃ জানুয়ারি ২০১৭-ডিসেম্বর ২০২০ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ৭ কোটি ৩২ লক্ষ ৬৬ হাজার টাকা। জিওবি: ২ কোটি ৩৩ লক্ষ ১ হাজার টাকা, প্রকল্প সাহায্য: ৪ কোটি ৯৯ লক্ষ ৬৫ হাজার টাকা।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মোঃ আক্তার হোসেন, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২০-২০২১ অর্থ বছরে আরএডিপিতে বরাদ্দ ১ কোটি ৭৭ লক্ষ টাকা (জিওবি ৪৭ লক্ষ, প্রকল্প সাহায্য ১ কোটি ৩০ লক্ষ টাকা)। ছাড়কৃত অর্থের পরিমাণ ১৯ লক্ষ টাকা (জিওবি)। এপ্রিল ২০২১ পর্যন্ত মোট ব্যয় ৭০ লক্ষ ৪১ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৩৯.৭৭%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ১ম জোনাল অপারেশনের জন্য ১ লক্ষ ২০ হাজার ম্যাপ প্রিন্টিং, অবশিষ্ট তিনটি এটলাস মুদ্রণ ও অন্যান্য কার্যক্রমের ব্যয় বাবদ জুন ২০২১ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৭০% হবে।<br><br>খ) ২৩-০২-২০২১ তারিখে অনুষ্ঠিত আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের SPEC সভার শর্ত প্রতিপালনপূর্বক পুনঃসংশোধন করে সংশোধিত TAPP ০৮-০৪-২০২১ তারিখে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>গ) মার্চ ২০২১ এর মধ্যে সবগুলো এটলাস প্রণয়নের সিদ্ধান্ত থাকলেও সংশোধিত TAPP অনুমোদিত না হওয়ায় অসমাপ্ত এটলাসসমূহ (খুলনা, চট্টগ্রাম, কক্সবাজার জেলার) অনুমোদনের নিমিত্ত প্রয়োজনীয় সভা করা যাচ্ছে না বিধায় এটলাসগুলো চূড়ান্ত করতে বিলম্ব হচ্ছে। জুন ২০২১ এর মধ্যে অবশিষ্ট এটলাসসমূহ চূড়ান্ত করা হবে।<br><br>ঘ) TAPP চূড়ান্ত অনুমোদিত হলে BGISP এর Guide Line চূড়ান্তকরণসহ GIS প্ল্যাটফর্মের সকল সদস্য নিয়ে দ্রুততম সময়ে একটি সভার আয়োজনসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হবে। | ক) প্রকল্পের অসমাপ্ত কার্যক্রম সম্পাদন ও বিল পরিশোধের মাধ্যমে বাস্তব ও আর্থিক অগ্রগতি নিশ্চিত করতে হবে।<br><br>খ) সংশোধিত TAPP দ্রুত অনুমোদনের বিষয়ে প্রকল্প পরিচালক ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখবেন এবং কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন।<br><br>গ) জুন ২০২১ মাসের মধ্যে সবগুলো এটলাস প্রণয়নের কাজ সম্পন্ন করতে হবে।<br><br>ঘ) BGISP ব্যবহার সংক্রান্ত Guide Line প্রণয়নের মাধ্যমে GIS প্ল্যাটফর্মটি দ্রুত সক্রিয় করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID,<br><br>মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২), SID ও প্রকল্প পরিচালক |
| ৩ | **National Strategy for Development of Statistics (NSDS)** | প্রকল্পে ২০২০-২০২১ অর্থ বছরে আরএডিপিতে বরাদ্দ ৩৭ কোটি টাকা (জিওবি ২ কোটি, প্রকল্প সাহায্য ৩৫ কোটি) টাকা। ছাড়কৃত | | অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), SID, |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | **Implementation Support প্রকল্প।**<br><br>প্রকল্প মেয়াদঃ মার্চ ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ১৩৪ কোটি ০২ লক্ষ টাকা।<br><br>জিওবি : ১৪ কোটি ০২ লক্ষ টাকা,<br>প্রকল্প সাহায্য: ১২০ কোটি টাকা।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মো. দিলদার হোসেন, উপসচিব, SID। | অর্থের পরিমাণ ১ কোটি ৭০ লক্ষ টাকা (জিওবি)। এপ্রিল ২০২১ পর্যন্ত মোট ব্যয় ১৮ কোটি ২২ লক্ষ ৩৬ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৪৯.২৫%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) বিবিএস এর বিভিন্ন শুমারি ও জরিপে ব্যবহৃত Concepts ও Definitions SDG এর আলোকে প্রমিতকরণের লক্ষ্যে মতামত প্রদানের জন্য ৫৭টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় প্রেরণ করা হয়। তন্মধ্যে বিবিএস এর সাথে সরাসরি কাজ করে এমন ১৫টি প্রতিষ্ঠানসহ মোট ২৫টি প্রতিষ্ঠানের মতামত পাওয়া গিয়েছে। প্রাপ্ত মতামতের ভিত্তিতে বিবিএস এর বিভিন্ন উইংয়ের সাথে সভা করে সে অনুযায়ী বই মুদ্রণ করা হয়েছে। সচিব, SID এর সম্মতি সাপেক্ষে আগামী ১০-০৬-২০২১ তারিখ প্রকাশ করা যেতে পারে। উল্লেখ্য, APA অনুযায়ী এটি ১৪ জুন ২০২১ এর মধ্যে প্রকাশ করার কথা রয়েছে।<br><br>খ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক পত্রের মাধ্যমে National Advisory Council on Statistics (NACS) গঠনের বিষয়টি NACS এর সম্মানিত সকল সদস্যকে অবহিত করা হয়েছে। NACS এর প্রথম সভা অনুষ্ঠানকল্পে খসড়া Presentation প্রস্তুত করে মহাপরিচালক, বিবিএস এর অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে।<br><br>গ) বিবিএস এর মৌলিক কৃষি পরিসংখ্যানের উপর মাঠ পর্যায়ের ৮৯৬ জন কর্মচারীকে ১৩-০৬-২০২১ হতে ২৬-০৬-২০২১ তারিখ পর্যন্ত প্রশিক্ষণ প্রদানের জন্য অফিস আদেশ করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ বাবদ প্রায় ১৭০.০০ লক্ষ টাকা (জিওবি হতে ৭০ লক্ষ) ব্যয় হবে। অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনানুযায়ী ১৫% সংরক্ষণ করা হলে উক্ত | ক) বিবিএস এর বিভিন্ন শুমারি ও জরিপে ব্যবহৃত Concepts ও Definitions SDG এর আলোকে প্রমিতকরণ সংক্রান্ত বইয়ের প্রকাশনা অনুষ্ঠান দ্রুত আয়োজন করতে হবে।<br><br>খ) National Advisory Council on Statistics (NACS) এর ১ম সভা দ্রুত আয়োজন করতে হবে।<br><br>গ) মাঠ পর্যায়ের জনবলকে প্রদত্ত প্রশিক্ষণ ফলপ্রসু করতে হবে, যাতে সরকারি অন্যান্য দপ্তর এবং বিবিএস কর্তৃক প্রণীত তথ্য /রিপোর্টের পার্থক্য নিরসন হয়।<br>বিধি অনুযায়ী যাচাই-বাছাই করে জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প অথবা অন্য কোন প্রকল্প হতে | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক, বিবিএস এবং প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | প্রশিক্ষণের জন্য জিওবি থেকে আরো ৩০ লক্ষ টাকা প্রয়োজন হবে। আন্তঃপ্রকল্প সমন্বয়ের মাধ্যমে প্রস্তাবিত অর্থ বরাদ্দের জন্য প্রকল্প পরিচালক অনুরোধ করেন। ।<br><br>ঘ) ডাটা ডেসিমিনেশন পলিসির খসড়া প্রস্তুতের কাজ এগিয়ে চলছে। এ বিষয়ে পরামর্শক প্রতিষ্ঠান DevStat কাজ করছে। চলতি বছরের ডিসেম্বরের মধ্যে প্রতিষ্ঠানটি এ বিষয়ক একটি ডেলিভারেবলস বিবিএস এ দাখিল করবে।<br><br>ঙ) প্রকল্পের আওতায় নিয়োগকৃত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত Deliverables যাচাই-বাছাইকল্পে উপমহাপরিচালক, বিবিএসকে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি ইতোমধ্যে ৬টি Deliverables চূড়ান্ত করেছে। DevStat কর্তৃক ৩য় দফায় প্রেরিত আরও ০৪টি Deliverables নিয়ে কমিটি বর্তমানে কাজ করছে। | NSDS প্রকল্পের চাহিদা অনুযায়ী বরাদ্দ সমন্বয়ের পদক্ষেপ দ্রুত গ্রহণ করতে হবে।<br><br>ঘ) যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক ডাটা ডেসিমিনেশন পলিসি প্রস্তুতের কাজটি এগিয়ে নিয়ে যেতে হবে।<br><br>ঙ) প্রকল্পের আওতায় নিয়োগকৃত কনসালটিং ফার্ম কর্তৃক সরবরাহকৃত Deliverables গ্রহণের সুনির্দিষ্ট কাউন্টার পার্ট কর্তৃক Deliverables যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত করতে হবে। | |
| ৪ | **ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ প্রকল্প।**<br>প্রকল্পের মেয়াদঃ জুলাই ২০১৩ - জুন ২০২১ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়ঃ ৭২৭ কোটি ৩৫ লক্ষ টাকা<br>জিওবি: ৪০ কোটি ৫৪ লক্ষ ৫২ হাজার টাকা<br>প্রকল্প সাহায্য: ৬৮৬ কোটি ৮০ লক্ষ ৪৮ হাজার টাকা।<br><br>প্রকল্প পরিচালক : জনাব শেখ মোঃ কাবেদুল ইসলাম (অতিরিক্ত সচিব)। | প্রকল্পে ২০২০-২০২১ অর্থ বছরে আরএডিপিতে বরাদ্দ ২৬ কোটি ৯৭ লক্ষ টাকা (জিওবি ১ কোটি ৩১ লক্ষ, প্রকল্প সাহায্য ২৫ কোটি ৬৬ লক্ষ) টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩৭ লক্ষ ৫০ হাজার টাকা (জিওবি)। এপ্রিল ২০২১ পর্যন্ত মোট ব্যয় ৫ কোটি ৪৩ লক্ষ ৪৩ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ২০.১৫%।<br><br>উপ-প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) প্রকল্পের আওতায় ডাটা সেন্টার মেইনটেন্যান্স সংক্রান্ত বিল পরিশোধ বাবদ ২ কোটি টাকা ব্যয় হবে। এছাড়া Xrox India Ltd এর Variation সংক্রান্ত কাজের ১৩ কোটি টাকার বিল পেন্ডিং রয়েছে।<br>Variation সংক্রান্ত কাজের বিল পরিশোধ এবং NHD MIS Development এর কাজ সম্পন্ন হলে Xerox India Ltd. | ক) Database এ উদ্ভূত অসংগতিসমূহ শীঘ্রই নিরসন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা), SID ও প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | ডাটাবেজের উদ্ভূত ত্রুটি বিচ্যুতি সমাধান করবে বলে জানিয়েছে। ইতোমধ্যে NHD MIS Development সংক্রান্ত সমস্যার ৫০% সমাধান হয়েছে। | | |
| | | খ) NHD-MIS Development এর কাজটি বিবিএস এর মাধ্যমে করার বিষয়ে বিশ্ব ব্যাংকের সাথে টেলিফোনে আলাপ করা হয়েছে। কাজটি বিবিএস এর মাধ্যমে করতে হলে নতুনভাবে ফার্ম নিয়োগ করতে হবে, যা সময় সাপেক্ষ বিধায় বিশ্বব্যাংক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাধ্যমে NHD-MIS Development এর চলমান কাজ সমাপ্ত করার বিষয়ে মত প্রদান করেছে। | খ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন SMoDMRPA প্রকল্প সংশ্লিষ্টদের সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে NHD-MIS Development এর কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | |
| | | গ) TAPP এর ৪র্থ সংশোধনী অনুমোদনের বিষয়ে প্রকল্প পরিচালক মহোদয় ইতোমধ্যে সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের সঙ্গে সাক্ষাৎপূর্বক সভা আহ্বানের নিমিত্ত নথি উপস্থাপনের ব্যবস্থা করা হয়েছে। চলমান করোনা পরিস্থির জন্য সভা আহবানে বিলম্ব হচ্ছে। | গ) TAPP এর ৪র্থ সংশোধনী অনুমোদনের বিষয়ে প্রকল্প পরিচালক কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। | |
| | | ঘ) ডাটাবেজ ও Docu- Share সংক্রান্ত যেসব ত্রুটি-বিচ্যুতি রয়েছে তা নিসরণের লক্ষ্যে বিবিএস এর টেকনিক্যাল টিম এবং Synergy International যৌথভাবে কাজ করছে। | ঘ) ডাটাবেজ ও Docu-Share সংক্রান্ত ত্রুটি-বিচ্যুতি নিরসনের অগ্রগতি জানাতে হবে। | |
| ৫ | **হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে ২০২০-২১ প্রকল্প**<br><br>প্রকল্প মেয়াদঃ জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়ঃ ১২ কোটি ৩২ লক্ষ ৭ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক: ড. দিপংকর রায়, উপসচিব, SID। | প্রকল্পে ২০২০-২০২১ অর্থ বছরে আরএডিপিতে বরাদ্দ ২ কোটি ১৮ লক্ষ টাকা (জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ৮৫ লক্ষ ৩০ হাজার টাকা (জিওবি)। এপ্রিল ২০২১ পর্যন্ত মোট ব্যয় ৫ লক্ষ ৫৪ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ২.৫৪%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) প্রকল্পের আওতায় ৮টি বিভাগের জন্য ৮ জন সুপারভাইজার, ১ জন গাড়ি চালক, ৩ জন অফিস সহায়ক আউটসোর্সিং করা হবে। অন্য দিকে কম্পিউটার ক্রয়ের জন্য ই-জিপিতে টেন্ডার আহবান করা হলেও ১ম বার | ক) কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্নের মাধ্যমে আর্থিক অগ্রগতি যথদূর সম্ভব বৃদ্ধি করার লক্ষ্যে প্রকল্প পরিচালক আন্তরিকতা ও দক্ষতার সাথে কাজ করবেন। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস ও প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | কোন টেন্ডার পাওয়া যায়নি বিধায় ২য় বারের মত টেন্ডার আহবান করা হয়েছে। উল্লিখিত কাজসমূহ সম্পাদন করা গেলে ব্যয় হবে প্রায় ৬০ লক্ষ টাকা।<br>আর্থিক বছরের ১০ মাস অতিক্রান্ত হলেও প্রকল্পের আর্থিক অগ্রগতি মাত্র ২.৫৪% হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। | | |
| | | খ) মাঠ পর্যায়ের পাইলট সার্ভে মে ২০২১ মাসের মধ্যে করার কথা থাকলেও করোনা পরিস্থিতির জন্য তা করা দুরুহ হয়ে যাবে। ফলে আরএডিপিতে বরাদ্দকৃত টাকার একটা অংশ অব্যয়িত থেকে যাওয়ার সম্ভাবনা রয়েছে।<br>পাইলটিং কার্যক্রম আরো আগে শুরু না করা প্রকল্প সংশ্লিষ্টদের অদূরদর্শিতা বলে সভাপতি মন্তব্য করেন। যথাসময়ে পাইলটিং করা হলে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম সম্পাদনের মাধ্যমে আর্থিক ও বাস্তব অগ্রগতি বৃদ্ধি হতো। তাছাড়া যথাসময়ে পাইলটিং করতে না পারলেও উক্ত কাজের জন্য আরএডিপিতে বরাদ্দ প্রস্তাব করা করা সমীচীন হয়নি। | খ) কর্মপরিকল্পনা পুনঃযাচাই করে অবশিষ্ট সময়ের মধ্যে সম্ভাব্য সকল কাজ সম্পাদনের লক্ষ্যে প্রকল্প পরিচালক কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন। | |
| ৬ | **কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প।**<br><br>প্রকল্পের মেয়াদঃ<br>মে ২০১৭ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ৩৬৪ কোটি ৫১ লক্ষ ৬৭ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক: জনাব আলাউদ্দিন আল আজাদ, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২০-২০২১ অর্থ বছরে আরএডিপিতে বরাদ্দ ২৩ কোটি ২৬ লক্ষ টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১৫ কোটি টাকা। এপ্রিল ২০২১ পর্যন্ত মোট ব্যয় ১ কোটি ১৭ লক্ষ ৬১ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৫.০৬%।<br>সভাপতি বলেন,<br>ক) কৃষি উইং কর্তৃক প্রতি বছর প্রধান ফসল উৎপাদনের যে রিপোর্ট প্রকাশ করা হয় তা সরকারের চাহিদাকৃত সময়ে হয় না। ফলে নীতি নির্ধারণী পর্যায়ে তথ্য প্রদান করা সম্ভব হয় না।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>খ) প্রকল্পের ডিপিপি'র ২য় সংশোধন প্রস্তাব পরিকল্পনা কমিশন ০৬-০৫-২০২১ তারিখে অনুমোদন করেছে। | ক) কৃষি উইং কর্তৃক একটি প্রভিশনাল রিপোর্ট করা যায় কিনা তা যাচাই করে দেখতে হবে।<br><br>খ) প্রকল্পের ডিপিপি'র ২য় সংশোধনীর প্রশাসনিক আদেশ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে দ্রুত জারি করতে | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস এবং প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | হবে। সংশোধিত ডিপিপি অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে আর্থিক ও বাস্তব অগ্রগতি নিশ্চিত করণের লক্ষ্যে প্রকল্প পরিচালক আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করবেন। | |
| | | গ) অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে ১৫% সংরক্ষণপূর্বক প্রাপ্ত বরাদ্দ ২৩ কোটি থেকে ১৯ কোটি টাকা ব্যয় করা যাবে। তন্মধ্যে মূল শুমারি থেকে প্রাপ্ত ডাটা ক্যাপচারিংয়ের জন্য নিয়োগকৃত আউটসোর্সিং ফার্ম কর্তৃক মূল শুমারির ৩৯টি জেলার ক্লিন ডাটা হস্তান্তর করা হলে মোট চুক্তি মূল্যের ৪০% অর্থাৎ ১১ কোটি টাকার বিল পরিশোধ করা যাবে, এছাড়া নমুনা শুমারিসহ অন্যান্য বিল বাবদ ৮ কোটি টাকার বিল পরিশোধ করা হবে। | গ) ডাটা ক্যাপচারিংয়ের জন্য নিয়োগকৃত ফার্মের কাজ নিয়মিত তদারকির মাধ্যমে কাজের লক্ষ্যমাত্রা ও গুণগত মান নিশ্চিত করতে হবে। | |
| | | ঘ) কৃষি নমুনা শুমারি থেকে প্রাপ্ত তথ্য বর্তমানে এডিটিং করা হচ্ছে। | ঘ) কৃষি নমুনা শুমারি থেকে প্রাপ্ত তথ্যের এডিটিং কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | |
| ৭ | **জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধনকরণ তথ্যের সাথে মৌলিক জনতাত্ত্বিক পরিসংখ্যান (ভাইটাল স্ট্যাটিস্টিকস) উৎপাদন এর সংযোগ সৃষ্টিকরণ প্রকল্প।**<br><br>প্রকল্প মেয়াদঃ জানুয়ারি ২০১৯ হতে জুন, ২০২১ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়ঃ ৩ কোটি ৯৬ লক্ষ ১৫ হাজার টাকা। (জিওবি)<br>প্রকল্প পরিচালকঃ<br>জনাব এ কে এম আশরাফুল হক<br>যুগ্ম পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২০-২০২১ অর্থ বছরে আরএডিপিতে বরাদ্দ ২ কোটি ২৮ লক্ষ টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ৯৩ লক্ষ ৮০ হাজার টাকা। এপ্রিল ২০২১ পর্যন্ত মোট ব্যয় ১৪ লক্ষ ৬১ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৬.৪১%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) Verbal Autopsy সংক্রান্ত পাইলটিং জরিপ ৩৯টি জেলার ৫০টি PSU তে জুন ২০২১ এর মধ্যে সম্পন্নের লক্ষ্যে Mobile Apps, Web Apps প্রস্তুতসহ নমুনা এলাকা নির্ধারণ করা হয়েছে। শীঘ্রই প্রশিক্ষণ প্রদানপূর্বক মাঠ পর্যায়ের কার্যক্রম শুরু করা হবে।<br><br>খ) প্রকল্পের সার্বিক কার্যক্রম সুম্পন্নের লক্ষ্যে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ২ বছর বৃদ্ধি করার জন্য প্রকল্প পরিচালক প্রস্তাব করেন। | ক) Verbal Autopsy সংক্রান্ত পাইলটিং কার্যক্রম জুনের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>খ) যৌক্তিকতা থাকলে প্রকল্পটির ২য় পর্যায়ের জন্য ডিপিপি প্রণয়ন করা যেতে পারে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস ও প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৮ | **মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস অব বাংলাদেশ (এমএসভিএসবি) (৩য় পর্যায়) প্রকল্প।**<br><br>মেয়াদ: জুলাই ২০১৯ - জুন ২০২১ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ৪৪ কোটি ১০ লক্ষ ৫২ হাজার টাকা। (জিওবি)<br><br>প্রকল্প পরিচালক:<br>জনাব এ কে এম আশরাফুল হক, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২০-২১ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ২১ কোটি ৫৭ লক্ষ টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১৮ কোটি ৩৩ লক্ষ ৪৫ হাজার টাকা। এপ্রিল ২০২১ পর্যন্ত মোট ব্যয় ৮ কোটি ৫৯ লক্ষ ২৮ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৩৯.৮৪%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br><br>ক) রেজিস্ট্রার, সুপারভাইজার, জেলা ও বিভাগীয় সুপারভাইজিং অফিসারদের নভেম্বর ২০২০ পর্যন্ত পারিশ্রমিক ও ভ্রমণ ব্যয় (নির্ধারিত) প্রেরণ করা হয়েছে। আরএডিপিতে প্রাপ্ত বরাদ্দ থেকে মে ২০২১ পর্যন্ত বেতন ভাতাদি পরিশোধ করা যাবে। বাকী ১ মাসের বেতন ভাতাদি পরিশোধের জন্য অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রয়োজন।<br><br>খ) জুন ২০২১ এর পরে Vital Statistics সংশ্লিষ্ট তথ্য রাজস্ব/উন্নয়ন বাজেটের আওতায় সংগ্রহের নিমিত্ত খসড়া ডিপিপি প্রস্তুত করা হয়েছে। মহাপরিচালক, বিবিএস মহোদয়ের অনুমোদনক্রমে SID তে প্রেরণের কার্যক্রম চলমান। | ক) প্রকল্পটি জুন ২০২১ এ সমাপ্ত হবে বিধায় সংরক্ষিত ১৫% অর্থ ব্যয়ের অনুমতি চেয়ে অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। । এছাড়া তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত জনবলের বেতন ভাতাদি পরিশোধের নিমিত্ত বিধি অনুযায়ী অন্য প্রকল্প হতে সমন্বয়ের মাধ্যম বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) জুন ২০২১ এর পরে Vital Statistics সংশ্লিষ্ট তথ্য রাজস্ব/উন্নয়ন বাজেটের আওতায় সংগ্রহের ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে ডিপিপি পাওয়ার পর দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস ও উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা) এবং প্রকল্প পরিচালক |
| ৯ | **মডার্নাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিসটিকস প্রকল্প**<br><br>প্রকল্পের মেয়াদঃ এপ্রিল ২০১৭-জুন ২০২১ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ১১ কোটি ১ লক্ষ ৮৭ হাজার টাকা। (জিওবি)<br><br>প্রকল্প পরিচালক :<br>জনাব তোফায়েল আহমদ, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২০-২০২১ অর্থ বছরে আরএডিপিতে বরাদ্দ ১ কোটি ২৭ লক্ষ টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ২৭ লক্ষ টাকা। এপ্রিল ২০২১ পর্যন্ত মোট ব্যয় ৩০ লক্ষ ১৮ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ২৩.৭৬%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) Covid-19 পরিস্থিতির কারণে Inbound Tourism Survey করা যাবে না বিধায় ২০১১-১২ সালের Pilot Tourism Satellite Account এর উপর ভিত্তি করে Inbound Tourism এর তথ্য প্রাক্কলন করা হবে। | ক) Tourism Satellite Account এর রিপোর্ট দ্রুত প্রস্তুত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক, বিবিএস এবং প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | খ) জিডিপি রিবেইজিং কার্যক্রম জানুয়ারি পর্যন্ত চূড়ান্ত করা হয়েছে। যাচাই-বাছাই করার জন্য ১৮-০৩-২০২১ তারিখে প্রকল্পের উপদেষ্টা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের মাঝে বিতরণ করা হয়েছে। ৩১-০৩-২০২১ তারিখে বিবিএস এর পরিচালকদের নিয়ে জিডিপি রিবেজিং সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (BIDS) এর সাথে Zoom মিটিং হয়েছে। তাদের মতামত প্রাপ্তি সাপেক্ষে জুন ২০২১ এর মধ্যে চূড়ান্ত করা হবে। | খ) জুন ২০২১ এর জিডিপি রিবেইজিং কার্যক্রম চূড়ান্তকরত প্রতিবেদন প্রকাশ করতে হবে। | |
| ১০ | **Improvement of GDP Compilation and Rebasing of Indices Project**।<br><br>প্রকল্পের মেয়াদঃ মার্চ ২০১৮ হতে জুন ২০২১ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ৯ কোটি ৮৬ লক্ষ ৪৮ হাজার টাকা। (জিওবি)<br><br>প্রকল্প পরিচালক : জনাব জিয়া উদ্দিন আহমেদ, পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২০-২০২১ অর্থ বছরে আরএডিপিতে বরাদ্দ ১ কোটি ৫০ লক্ষ টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ২৭ লক্ষ ৫০ হাজার টাকা। এপ্রিল ২০২১ পর্যন্ত মোট ব্যয় ৫৭ লক্ষ ৬০ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৩৮.৪০%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) সংশোধিত ডিপিপি বাংলায় প্রস্তুত করা হয়েছে, শীঘ্রই পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হবে।<br><br>খ) Survey on Distributive Trade and Marketed part of Agricultural Product জরিপের Distributive Trade অংশের খসড়া রিপোর্ট প্রস্তুতের কাজ চলছে।<br><br>গ) Survey on Distributive Trade and Marketed part of Agricultural Product জরিপের Marketed part of Agricultural Product এর রিপোর্ট মুদ্রণ সম্পন্ন হয়েছে। | ক) সংশোধিত ডিপিপি প্রাপ্তি সাপেক্ষে অনুমোদনের জন্য দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।<br><br>খ) Survey on Distributive Trade and Marketed part of Agricultural Product জরিপের Distributive Trade অংশের রিপোর্ট প্রস্তুতের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>গ) Survey on Distributive Trade and Marketed part of Agricultural Product জরিপের Marketed part of Agricultural Product অংশের রিপোর্ট দ্রুত প্রকাশ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস ও প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | ঘ) Survey on Cold Storage and Warehouse Activity জরিপের পূরণকৃত প্রশ্নপত্রের এডিটিং ও কোডিং এর কার্যক্রম সম্পন্ন হয়েছে। খসড়া রিপোর্ট প্রস্তুতের কাজ চলমান রয়েছে। | ঘ) Survey on Cold Storage and Warehouse Activity জরিপের রিপোর্ট দ্রুত প্রস্তুত করতে হবে। | |
| ১১ | **Surveys and Studies Relating to GDP Rebase 2015-16 Project (সার্ভেস এন্ড স্ট্যাডিস রিলেটিং টু জিডিপি রিবেজিং ২০১৫-১৬ প্রকল্প)**<br><br>প্রকল্পের মেয়াদঃ জুলাই ২০১৭ হতে জুন ২০২১ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ২ কোটি ৪১ লক্ষ ০৮ হাজার টাকা। (জিওবি)<br><br>প্রকল্প পরিচালক: জনাব আবদুল খালেক, উপ-পরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২০-২১ অর্থ বছরের আরএডিপিতে বরাদ্দ ৫৭ লক্ষ টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৫৭ লক্ষ টাকা। এপ্রিল ২০২১ পর্যন্ত মোট ব্যয় ১৪ লক্ষ ৮১ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ২৫.৯৮%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান (হাসপাতাল, ক্লিনিক, ডেন্টাল ক্লিনিক এবং রোগ নির্ণয় কেন্দ্র) জরিপের রিপোর্ট চূড়ান্তকরণের লক্ষ্যে ১৪-০৩-২০২১ তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে অনুষ্ঠিত প্রতিবেদন যাচাই-বাছাই কমিটির সভার সুপারিশসমূহ বাস্তবায়নপূর্বক পাণ্ডুলিপির চূড়ান্ত কপি অনুমোদনের জন্য ০৬-০৫-২০২১ তারিখে SID-তে প্রেরণ করা হয়েছে।<br>খ) সিএনজি ও এলপিজি গ্যাস স্টেশন, মোবাইল ফোন মেরামত ও ফ্ল্যাক্সিলোড, বিজ্ঞাপন ও বাজার গবেষণা শীর্ষক তিনটি কেইস স্ট্যাডির কি-ফাইন্ডিংস ১১-০৫-২০২১ তারিখে PIC কর্তৃক অনুমোদিত হয়েছে।<br>গ) মোবাইল ব্যাংকিং ও এজেন্ট ব্যাংকিং, প্যাকেজিং ইন্ডাস্ট্রি এবং গবেষণা ও উন্নয়ন এই ৩টি কেইস স্ট্যাডির মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্য এডিটিং ও কোডিং, ডাটা এন্ট্রির কাজ সম্পন্ন হয়েছে। Key Findings প্রস্তুত করা হয়েছে। | ক) বেসরকারি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান জরিপের রিপোর্ট আনুষ্ঠানিকভাবে দ্রুত প্রকাশ করতে হবে।<br>খ) সিএনজি ও এলপিজি গ্যাস স্টেশন, মোবাইল মেরামত ও ফ্ল্যাক্সিলোড, বিজ্ঞাপন ও বাজার গবেষণা শীর্ষক তিনটি কেস্ স্ট্যাডির Key Findings এর আলোকে রিপোর্ট দ্রুত প্রস্তুত করতে হবে।<br>গ) মোবাইল ব্যাংকিং ও এজেন্ট ব্যাংকিং, প্যাকেজিং ইন্ডাস্ট্রি এবং গবেষণা ও উন্নয়ন এই ৩টি কেস স্ট্যাডির Key Findings অনুমোদনের জন্য PIC সভায় উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস এবং প্রকল্প পরিচালক |
| ১২ | **পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প**<br><br>মেয়াদ: জুলাই ২০১৯ – জুন ২০২৩ পর্যন্ত। | প্রকল্পে ২০২০-২১ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ১৭ কোটি ৩ লক্ষ টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১৪ কোটি ৪৭ লক্ষ ৫৫ হাজার টাকা। এপ্রিল ২০২১ পর্যন্ত মোট ব্যয় ৬ কোটি ১৮ লক্ষ ৮৪ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৩৬.৩৪%। | | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID,<br><br>মহাপরিচালক বিবিএস এবং |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | প্রাক্কলিত ব্যয়ঃ ৩৬ কোটি ০৬ লক্ষ ৭৪ হাজার টাকা। (জিওবি)<br><br>প্রকল্প পরিচালক:<br>জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) কর্মপরিকল্পনা মোতাবেক বাস্তব ও আর্থিক অগ্রগতি বৃদ্ধি পাচ্ছে। Bangladesh Disaster-Related Statistics (BDRS) 2020 এর মূল জরিপ জুন ২০২১ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন হলে সার্বিক অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জিত হবে।<br><br>খ) Compilation of Bangladesh Environment Statistics 2020 এর খসড়া রিপোর্ট প্রস্তুত হয়েছে। SID এর অনুমোদন সাপেক্ষে প্রকাশ করা হবে।<br><br>গ) বিডিআরএস ২০২০ এর মূল জরিপ পরিচালনা করার লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জরিপ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিডিআরএস ২০২০ এর মূল জরিপ পরিচালনা করার কার্যক্রম চলমান রয়েছে। | ক) এডিপিতে বরাদ্দকৃত অর্থ PPA-2006 ও PPR-2008 অনুসরণপূর্বক ব্যয়ের মাধ্যমে আর্থিক ও বাস্তব অগ্রগতি শতভাগ নিশ্চিত করতে হবে।<br><br>খ) Compilation of Bangladesh Environment Statistics 2020 এর রিপোর্ট দ্রুত প্রকাশ করতে হবে।<br><br>গ) Bangladesh Disaster-Related Statisctics (BDRS) 2020 এর মূল জরিপ জুন ২০২১ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ১৩ | **জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প।**<br><br>মেয়াদঃ ০১ জুলাই ২০১৯ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়ঃ ৪ কোটি ৯৫ লক্ষ টাকা।<br>(জিওবি)<br><br>প্রকল্প পরিচালক:<br>জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পে ২০২০-২১ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ৩ কোটি ৬৫ লক্ষ টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩ কোটি ১০ লক্ষ ২৫ হাজার টাকা। এপ্রিল ২০২১ পর্যন্ত মোট ব্যয় ৫৯ লক্ষ ৭০ হাজার টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ১৬.৩৬%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br><br>ক) RADP অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। চলতি অর্থ বছরে ম্যাপিং ও লিষ্টিং এর উপর ফিল্ড অপারেশন সম্পন্ন হলেও টিএ বিল বাবদ ১৫% হিসাবে প্রায় ৩০ লক্ষ টাকা সংরক্ষিত রাখার নির্দেশনা থাকায় বিল পরিশোধ করা যাচ্ছে না। অন্যদিকে বৈদেশিক প্রশিক্ষণে ৩৫ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে যা করোনা পরিস্থিতির কারণে ব্যয় করা সম্ভব হচ্ছে না। সার্বিকভাবে আর্থিক অগ্রগতি ৫০% হতে পারে। | ক) বাস্তব পরিস্থিতি এবং সার্বিক বিষয় বিবেচনায় RADPতে বরাদ্দ প্রস্তাব করা উচিত ছিল। প্রস্তাবিত RADP অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক সর্বোচ্চ আর্থিক ও বাস্তব অগ্রগতি নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস ও উপসচিব (উন্নয়ন-১), SID এবং<br><br>প্রকল্প পরিচালক |

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | খ) ০৩/০৩/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী মূল জরিপটি CAPI পদ্ধতিতে করা হবে। সে অনুযায়ী কর্মপরিধি ঠিক করে কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।<br><br>গ) Health Statistics প্রণয়ণের লক্ষ্যে প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। প্রণীত খসড়া প্রশ্নপত্রের উপর একটি ওয়ার্কশপ আয়োজন করা হবে। | খ) স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী CAPI পদ্ধতিতে জরিপ কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>গ) Health Statistics প্রণয়নের লক্ষ্যে প্রণীত খসড়া প্রশ্নপত্রের উপর ওয়ার্কশপ দ্রুত আয়োজন করতে হবে। | |
| ১৪ | **শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প**<br><br>প্রকল্প মেয়াদঃ জুলাই ২০২০ হতে জুন ২০২৪ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়ঃ ১৪ কোটি ৩৬ হাজার টাকা (জিওবি)<br>প্রকল্প পরিচালক:<br>বেগম আজিজা রহমান, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পটি ২৭-০১-২০২১ তারিখে বরাদ্দবিহীনভাবে অনুমোদন লাভ করেছে।<br>প্রকল্প পরিচালক সভায় জানান,<br>ক) জুন ২০২১ পর্যন্ত প্রকল্পের ব্যয়ভার নির্বাহের জন্য ১০-১৫ লক্ষ টাকার প্রয়োজন। অন্য কোন প্রকল্প হতে সমন্বয় করা গেলে প্রকল্পের কার্যক্রম শুরু করা হবে। | ক) প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য দ্রুত কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br>বিধি-বিধান অনুসরণপূর্বক আন্তঃপ্রকল্প সমন্বয়ের মাধ্যমে চাহিদাকৃত বরাদ্দ প্রদানের ব্যবস্থা করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, অতিরিক্ত সচিব (প্রশাসন) SID, মহাপরিচালক বিবিএস এবং উপসচিব (উন্নয়ন-১) SID |

৩.০। ২০২০-২০২১ অর্থ বছরে এডিপি পুস্তিকায় অন্তর্ভুক্ত ও পুস্তিকা বহির্ভূত বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পসমূহঃ

| ক্রঃ নঃ | প্রকল্পের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | **টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরুপণ জরিপ প্রকল্প (Literacy Assesment Survey-LAS):**<br>প্রস্তাবিত মেয়াদ: জানুয়ারি ২০২১ - জুন ২০২২ পর্যন্ত।<br>প্রস্তাবিত ব্যয়: ৪ কোটি ৬০ লক্ষ টাকা।<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা:<br>জনাব মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বিবিএস। | প্রস্তাবিত প্রকল্পটির বিষয়ে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়কে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৩-০৩-২০২১ তারিখে SID থেকে মহাপরিচালক, বিবিএস বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | প্রস্তাবিত প্রকল্পটির বিষয়ে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের সদয় জিজ্ঞাসার আলোকে মহাপরিচালক, বিবিএস তাঁকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা দ্রুত গ্রহণ করবেন। | মহাপরিচালক, বিবিএস<br><br>সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), SID ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |
| ২ | **খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান-প্রকল্প ২০১৯**<br>প্রস্তাবিত মেয়াদঃ জুলাই ২০১৯-জুন ২০২১ পর্যন্ত<br>প্রকল্পের প্রস্তাবিত ব্যয়: ৫ কোটি ১০ লক্ষ ৩২ হাজার টাকা।<br><br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা:<br>জনাব মোঃ আব্দুল হালিম, উপপরিচালক, বিবিএস। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ আব্দুল হালিম, উপপরিচালক, বিবিএস পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরে গিয়ে এ বিষয়ে যোগাযোগ করেছেন। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সচিব, SID মহোদয়কে অবহিত করছেন যে, নথি সংশ্লিষ্ট সেক্টর থেকে মাননীয় মন্ত্রীর দপ্তরে প্রেরণের কার্যক্রম প্রক্রিয়াধীন। | প্রকল্পটি অনুমোদনের বিষয়ে মহাপরিচালক, বিবিএস/উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা)/ সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), SID এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরিকল্পনা কমিশনে যোগাযোগ করবেন। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID মহাপরিচালক, বিবিএস উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা, SID সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), SID এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | **Measuring ICT Access and Use by Households and Individuals প্রকল্প**<br>প্রস্তাবিত মেয়াদ: জুলাই ২০২০ - জুন ২০২২ পর্যন্ত।<br>প্রস্তাবিত ব্যয়: ৪ কোটি ৯৮ লক্ষ ৬০ হাজার টাকা।<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা:<br>জনাব কবীর উদ্দিন আহাম্মদ, পরিচালক, বিবিএস। | পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" বিষয়ক পুস্তিকার ৪.২ অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি প্রস্তুত করে দ্রুত এ বিভাগে প্রেরণের জন্য ২৩-০৩-২০২১ তারিখে মহাপরিচালক, বিবিএস বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" বিষয়ক পুস্তিকার ৪.২ অনুযায়ী ৫ কোটি টাকা পর্যন্ত প্রাক্কলিত ব্যয়ের জরিপ/সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী অনুমোদন করবেন। সে অনুযায়ী ডিপিপি প্রস্তুত করে অতি দ্রুত SID তে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বিবিএস<br>এবং<br>সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), SID<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |

৪.০। বিবিধ:

| ক্রঃনঃ | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | **আরএডিপি'র আন্তঃপ্রকল্প সমন্বয়** | সার্বিক আলোচনায় প্রতীয়মান হয়েছে কোন কোন প্রকল্প অনেক খাতে প্রাপ্ত বরাদ্দ ব্যয় করতে পারবে না। আবার কোন কোন প্রকল্পে কোন কোন খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। | অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত এবং প্রকল্প বিষয়ক সকল নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ মহাপরিচালক, বিবিএস এর মাধ্যমে আন্তঃপ্রকল্প সমন্বয়ের একটি সমন্বিত প্রস্তাব অনতিবিলম্বে প্রেরণ করবেন। SID এর সংশ্লিষ্ট শাখা এ বিষয়ে দ্রুত কার্যকর ব্যবস্থা নিবে। | মহাপরিচালক, বিবিএস ও উপসচিব (উন্নয়ন-১ ও উন্নয়ন-২ অধিশাখা) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ, বিবিএস। |
| ২। | **আর্থিক অগ্রগতির নিম্ন হার** | চলমান ১৩টি প্রকল্পের মধ্যে ৪টি প্রকল্পের আর্থিক অগ্রগতি ১০% এরও কম। অবশিষ্ট অন্যান্য প্রকল্পেরও আর্থিক অগ্রগতি আশানুরূপ নয়। এতে প্রতীয়মান হয় প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্প পরিচালকদের আন্তরিকতা ও দক্ষতার অভাব রয়েছে। | যেসব প্রকল্পের আর্থিক অগ্রগতির হার হতাশাব্যঞ্জক সেসব প্রকল্প পরিচালকদের ব্যাখ্যা তলব করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID<br>ও<br>মহাপরিচালক, বিবিএস<br>এবং<br>উপসচিব (উন্নয়ন-১ ও উন্নয়ন-২ অধিশাখা), SID |
| ৩। | **বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র জন্য একটি কেন্দ্রীয় সার্ভার স্থাপন সংক্রান্ত** | ২৮-০৩-২০২১ তারিখে বিবিএস ডাটা সেন্টারে স্থাপিত ক্লাউড সার্ভারের বিস্তারিত টেকনিক্যাল বিষয় পর্যালোচনা করা হয়। কমিটির নিকট উক্ত স্থাপনা প্রাসঙ্গিক মনে হয়েছে। বিস্তারিত প্রতিবেদন দেওয়ার আগে কমিটি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর ডাটা সেন্টার ভিজিট করবে এবং চূড়ান্ত প্রতিবেদন সাবমিট করবে। | বিবিএস এর বিদ্যমান সার্ভার, এগুলোর কার্যকারিতা, ক্যাপাসিটি ইত্যাদি যাচাই-বাছাইসহ অন্যান্য সংস্থা/দপ্তরে স্থাপিত কেন্দ্রীয় সার্ভার পরিদর্শনপূর্বক একটি পূর্ণাঙ্গ প্রতিবেদনসহ প্রস্তাব দ্রুত দাখিল করতে হবে। | মহাপরিচালক, বিবিএস<br>ও<br>সিস্টেম এনালিস্ট, SID |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | "একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন ২০০৯-২০১৯" শীর্ষক পুস্তিকার ১৯। ৯.২ অনুচ্ছেদ বাস্তবায়ন সংক্রান্ত। | ২০১৬ সালের দারিদ্র্যতার মানচিত্র চূড়ান্ত করত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। | ২০১৬ সালের দারিদ্র্যতার মানচিত্র চূড়ান্ত করার বিষয়টি একনেক উইংকে পত্র মারফত অবহিত করতে হবে। | ড. দিপংকর রায়, প্রকল্প পরিচালক, HIES প্রকল্প |
| ৫। | অর্থনৈতিক জরিপ ২০২৩ | অর্থনৈতিক জরিপ ২০২৩ এর লক্ষ্যে কার্যক্রম শুরু করা প্রয়োজন। | অর্থনৈতিক জরিপ ২০২৩ এর কার্যক্রম শুরু করার লক্ষ্যে মহাপরিচালক, বিবিএস পরিচালক, সেন্সাস উইংকে ফোকাল পয়েন্ট নিয়োগপূর্বক অফিস আদেশ জারি করবেন। পরবর্তী সভায় অগ্রগতি জানাতে হবে। | মহাপরিচালক, বিবিএস |

৫.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসরণপূর্বক সুষ্ঠুভাবে কার্যক্রম বাস্তবায়ন করে প্রকল্পের কাঙ্খিত আর্থিক ও বাস্তব অগ্রগতি সাধনে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/৫/২০২১

(মুহাম্মদ ইয়ামিন চৌধুরী)
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং- ৫২.০০.০০০০.০২০.০৬.০০১.২০(খন্ড-১)-২২

তারিখঃ ০৬ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
২০ মে ২০২১ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন/তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৪। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৫। যুগ্মপ্রধান, শিক্ষা ও সামাজিক সেক্টর, আইএমইডি/জনসংখ্যা ও পরিকল্পনা উইং/স্বাস্থ্য উইং/স্কাইসোয়াম/পাট ও বস্ত্র উইং, শিল্প ও শক্তি বিভাগ/ফসল উইং, কৃষি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
০৬। উপসচিব (উন্নয়ন-২/উন্নয়ন-১ অধিশাখা/এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০৭। সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা শাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৮। পরিচালক, সেন্সাস উইং/কৃষি উইং/জাতীয় হিসাব উইং/ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং/ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং/কম্পিউটার উইং/স্ট্যাটিসটিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট/এফএ এন্ড এমআইএস উইং/ন্যাশনাল একাউন্টিং উইং/প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল, বিবিএস।
০৯। প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভেলপমেন্ট (Stat4Dev) প্রকল্প, বিবিএস, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, National Strategy for Development of Statistics (NSDS) Implementation Support প্রকল্প, বিবিএস, ঢাকা।
১২। প্রকল্প পরিচালক, ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (NHD) প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১৩। প্রকল্প পরিচালক, হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে ২০২০-২১ প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক, কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প, বিবিএস, ঢাকা।
১৫। প্রকল্প পরিচালক, জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধনকরন তথ্যের সাথে মৌলিক জনতাত্ত্বিক পরিসংখ্যান (ভাইটাল স্ট্যাটিস্টিকস) উৎপাদন এর সংযোগ সৃষ্টিকরণ প্রকল্প, বিবিএস, ঢাকা।

১৬। প্রকল্প পরিচালক, মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস অব বাংলাদেশ (এমএসভিএসবি) (৩য় পর্যায়) প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১৭। প্রকল্প পরিচালক, মডার্নাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিসটিকস প্রকল্প, বিবিএস।
১৮। প্রকল্প পরিচালক, Improvement of GDP Compilation and Rebasing of Indices Project, বিবিএস।
১৯। প্রকল্প পরিচালক, Surveys and Studies relating to GDP Rebasing 2015-16 Project, বিবিএস।
২০। প্রকল্প পরিচালক, পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প, বিবিএস, ঢাকা।
২১। প্রকল্প পরিচালক, জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
২২। প্রকল্প পরিচালক, শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প, বিবিএস।
২৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরূপণ জরিপ প্রকল্প (Literacy Assesment Survey -(LAS), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
২৪। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান- প্রকল্প ২০১৯, বিবিএস, ঢাকা।
২৫। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, Measuring ICT Access and Use by Households and Individuals প্রকল্প, বিবিএস।

**(কার্যবিবরণীতে উল্লেখিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভার কার্যপত্রে উল্লেখের লক্ষ্যে ২০২০-২০২১ অর্থবছরের জন্য নির্ধারিত কার্যক্রম, বরাদ্দ, ব্যয় ও ব্যয়ের হার নির্ধারিত ছকে উল্লেখপূর্বক প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি আগামী ০৩-০৬-২০২১ তারিখের মধ্যে প্রকল্প পরিচালকের স্বাক্ষরে উপসচিব (উন্নয়ন-৩ অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।**

২৬। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (পরবর্তী উন্নয়ন প্রকল্পের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভায় উপস্থাপনের নিমিত্ত আগামী ০৩-০৬-২০২১ তারিখের মধ্যে উন্নয়ন-৩ অধিশাখায় অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পগুলোর অগ্রগতি প্রেরণের অনুরোধসহ)।
২৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২৮। Representative, UNICEF/UNFPA/WORLD BANK/ EUROPEAN UNION/FAO.

**<u>সদয় অবগতির জন্য অনুলিপি:</u>**

১। মাননীয় পরিকল্পনামন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা **(মাননীয় পরিকল্পনামন্ত্রীর সদয় অবগতির জন্য)**
২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।**
৩। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা **(ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।**

২৭/৫/২০২১

জেসমীন আকতার
উপসচিব
☎ ৫৫০০৭৩৭৯